In accordance with the provisions of the Circulars, Members can vote only through remote e-voting process. The voting rights of the Members shall be reckoned based on the equity shares of the Company held by them as on the Cut-off Date. Any person who is not a member of the Company as on the Cut-off Date shall treat the Postal Ballot Notice for information purposes only.

The Company has engaged the services of NSDL for the purposes of providing remote e-voting facility to all its Members. The remote e-voting will be available during the following period:

Commencement of e-voting period	From 9.00 a.m. (IST) on Sunday, April 06, 2025
Conclusion of e-voting period	Till 5.00 p.m. (IST) on Monday, May 05, 2025

The remote e-voting facility will be disabled by NSDL immediately after 5.00 p.m. IST on Monday, May 05, 2025.

Members who have not updated their e-mail addresses are requested to register the same in respect of shares held by them in electronic form with the Depository through their Depository participant.

The Board has appointed Mr. M. Alagar (M. No. 7488) as a Scrutinizer failing him, Mr. D. Saravanan (M. No. 60177) of M/s. M Alagar & Associates, Practicing Company Secretaries, Chennai (Firm Registration No. P2011TN078800), as the scrutinizer **("Scrutinizer")** for conducting the Postal Ballot / e-voting process in a fair and transparent manner.

The Scrutinizer will submit his report to the Chairman of the Company ("the **Chairman**") or any other person authorized by the Chairman and the results will be announced on or before Wednesday, May 07, 2025, and will also be displayed on the Company's Website and on the website of NSDL and communicated to the Stock Exchanges, Depositories, Registrar and Share Transfer agent.

In case of any queries, you may refer the Frequently Asked Questions (FAQs) for Shareholders and e-voting user manual for Shareholders available at the download section of www.evoting.nsdl.com or call on : 022 - 4886 7000 or send a request to Ms. Pallavi M at evoting@nsdl.com

For Northern Arc Capital Limited
Sd/-
Prakash Chandra Panda
Company Secretary & Compliance Officer

Place : Chennai
Date : April 04, 2025

AS PH — APEEJAY SURRENDRA PARK HOTELS

APEEJAY SURRENDRA PARK HOTELS LIMITED

Regd. Office: 17, Park Street, Kolkata, West Bengal-700016, India
Tel.: 033 2249 9000, Fax: 033 2249 4000; **Email id:** investorrelations@asphl.in, Website: www.theparkhotels.com

NOTICE OF POSTAL BALLOT BY WAY OF REMOTE E-VOTING

Notice is hereby given that pursuant to the provisions of Section 110 read with Section 108 and all other applicable provisions, if any, of the Companies Act, 2013 and rules made thereunder, the applicable guidelines/ circulars issued by the Ministry of Corporate Affairs (**'MCA Circulars'**), SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015 and any other applicable laws, rules and regulations, Apeejay Surrendra Park Hotels Limited (the **'Company'**) is seeking the approval of its members through Postal Ballot by way of remote e-voting only (**'Postal Ballot'** or **'remote e-voting'**) for **"the special business"** as stated in the Notice of Postal Ballot dated February 08, 2025 (the **'Notice'**). The Notice is available on the Company's website at (www.theparkhotels.com), on the website of MUFG Intime India Private Limited (formerly known as Link Intime India Private Limited) (https://instavote.linkintime.co.in) and on the website of National Stock Exchange of India Limited (www.nseindia.com) and BSE Limited (www.bseindia.com).

Members are hereby Informed that:

a) In accordance with the MCA Circulars, the Company has completed the dispatch of the Notice (containing draft resolution along with the explanatory statement, e-voting particulars and detailed procedure/instructions of remote e-voting etc.) on **Friday, April 04, 2025** via electronic mode only, to the members whose e-mail addresses are registered with the Depository Participants ('DP')/Depository/Registrar & Share Transfer Agent of the Company and whose names are recorded in the Register of Members or Register of Beneficial Owners maintained by the Depositories as on the Cut-off date i.e. **Friday, March 28, 2025 ('Cut-off date').**

b) The Company is pleased to provide remote e-voting facility to its members through MUFG Intime India Private Limited (formerly known as Link Intime India Private Limited), to cast their votes electronically on the resolution as set forth in the Notice. Please note that in compliance of MCA circulars, the assent/dissent of the members on the resolutions proposed in this Notice will be considered only through the remote e-voting system. Accordingly, physical copies of Notice, Postal Ballot Form and Pre-paid Business Reply Envelope have not been sent to the members for the Postal Ballot, as per MCA Circulars.

c) The voting rights of members shall be in proportion to their share in the paid-up equity share capital of the Company as on the Cut-off date. A person who is not a member as on the Cut-off date should treat the Notice for information purpose only.

d) The remote e-voting starts from **Saturday, April 05, 2025 at 09:00 A.M. (IST)** and ends on **Sunday, May 04, 2025 at 05:00 P.M. (IST)**. The remote e-voting will not be allowed beyond the aforesaid date & time and the e-voting module shall be forthwith disabled by MUFG Intime India Private Limited upon expiry of aforesaid period. Once the vote on the resolution is cast by the member, the same shall not allowed to be changed subsequently.

e) In case of any query and/or grievance pertaining to e-voting, members may refer to the Frequently Asked Questions (FAQs) and Instavote e-voting manual available at https://instavote.linkintime.co.in/, under help section or contact Mr. Rajiv Ranjan, Assistant Vice President, MUFG Intime India Private Limited at C-101, 247 Park, LBS Marg, Vikhroli West, Mumbai – 400 083 at enotices@in.mpms.mufg.com or contact at +91 022 - 49186000 or may write to Company Secretary at investorrelations@asphl.in for any further clarification.

f) Members who have not yet registered their email addresses, and consequently, have not received the Notice, are requested to get their email addresses and mobile numbers registered by following the guidelines mentioned below:

(i) Members holding shares in physical mode are hereby notified that pursuant to applicable SEBI circular(s), all holders of physical shares can update/register their contact details including the details of email addresses by submitting Form ISR-1 along with the supporting documents (mentioned therein) with MUFG Intime India Private Limited.

A physical communication along with Form ISR-1 and a Pre-paid Self-addressed Business Reply Envelope, is also being sent to those members whose email addresses are not registered in the records. Members holding shares in physical mode are requested to return the duly filled and signed Form ISR-1 along with the supporting documents, in the said Pre-paid Self-addressed Business Reply Envelope. It may be noted that the postage on the business reply envelope is borne by the Company.

Further, Form ISR-1 can be downloaded at https://liiplweb.linkintime.co.in/KYC-downloads.html and detailed FAQs in this regard can be found at https://liiplweb.linkintime.co.in/faq.html.

(ii) Members holding shares in dematerialised form are requested to register/update their email addresses with their respective DPs.

g) The Board of Directors has appointed Mr. Harish Chawla (Membership No. 9002; CP No. 15492), Partner, CL & Associates, Company Secretaries (**'CLA'**), and failing him, Mr. Abhishek Lamba (Membership No. 10489; CP No. 13754), Partner, CLA, as the Scrutiniser to scrutinise the remote e-voting process in a fair and transparent manner and they have communicated their willingness to be appointed and will be available for the said purpose.

h) The results of the Postal Ballot will be announced on or before **Tuesday, May 06, 2025**. The voting results and scrutiniser's report shall be available on the website of the Company at (www.theparkhotels.com), and on the website of MUFG Intime India Private Limited (formerly known as Link Intime India Private Limited) (https://instavote.linkintime.co.in) and shall also be displayed at the registered office and corporate office of the Company. The results shall simultaneously be communicated to the Stock Exchanges viz. NSE and BSE.

For Apeejay Surrendra Park Hotels Limited
Sd/-
Shalini Keshan
Company Secretary

Place: Kolkata
Date: April 04, 2025

আইপিএল বেটিং, কলকাতা থেকে গ্রেপ্তার ৪

নিজস্ব প্রতিনিধি— আইপিএলের ম্যাচ নিয়ে বেটিংয়ের অভিযোগে চারজনকে গ্রেপ্তার করল কলকাতা পুলিশ। উত্তর কলকাতার গিরিশ পার্কের একটি ক্যাফে থেকে তাঁদের পাকড়াও করেন তদন্তকারীরা। মোবাইলে একটি অ্যাপ্লিকেশন ব্যবহার করে তাঁরা বেটিং করেন। পুলিশ সূত্রে খবর, ধৃতদের নাম মজিদ, শাদাব আলি, আদর্শ নিগম এবং প্রভাত জয়সওয়াল। তাঁদের বয়স ২৭ থেকে ৩০ বছরের মধ্যে। ইডেন গার্ডেন্সে কলকাতা এবং হায়দরাবাদের ম্যাচ চলাকালীন তাঁরা বেটিং চক্র চালান বলে অভিযোগ। এর আগে এই একই ম্যাচ নিয়ে বেটিংয়ের অভিযোগে অনিল পোদ্দার এবং অমিত দামানি নামে দুই অভিযুক্তকে গ্রেপ্তার করে পুলিশ।

পুলিশ সূত্রে খবর, ধৃতেরা 'স্কাইবাইট ৩৬৫', 'উল্ফ ৭৭৭', 'কেরালা এক্সসিএইচ', '১১ এক্সপ্লে', 'গেমসওয়ালা' নামক অ্যাপ্লিকেশনগুলি ব্যবহার করে আইপিএলের ম্যাচ নিয়ে বেটিং করতেন। গোপন সূত্রে খবর পেয়ে বৃহস্পতিবার গিরিশ পার্কের বিবেকানন্দ রোডের উপরে অবস্থিত ওই ক্যাফেটিতে হানা দেয় পুলিশ। সেই সময় হাতেনাতে চারজনকে পাকড়াও করেন তদন্তকারীরা। অভিযুক্তদের কাছ থেকে পাঁচটি মোবাইল বাজেয়াপ্ত করা হয়েছে। সেখান থেকে উদ্ধার করা স্ক্রিনশট থেকে পরিষ্কার হয়েছে বেটিং চক্রের কথা। পুলিশি হানায় একটি টিভিও বাজেয়াপ্ত হয়েছে।

পুলিশি তদন্তে উঠে এসেছে, অ্যাপগুলো প্লে স্টোরে মিললেও টাকা দিলে তবেই লিঙ্ক-সহ 'আইডি' মেলে। সেই আইডির মাধ্যমেই বেটিংয়ে অংশ নেন অভিযুক্তরা। মূলত ম্যাচের ফলাফল নিয়ে বেটিং হয়। এছাড়া টসে কে জিতবে, শেষ ছয় ওভারে কত রান উঠবে, সেরা খেলোয়াড় কে নির্বাচিত হবেন— নানা বিষয় নিয়ে বেটিং কারবার চলে। ১০০ টাকা থেকে ২৫ হাজার টাকা পর্যন্ত দর হাঁকানোর সুযোগ থাকে অ্যাপগুলিতে। কোন বলে কত রান উঠবে, তা নিয়েও বেটিং চলে। লালবাজার সূত্রে খবর, বেটিং চক্রের মাথার ভিনদেশেও থাকতে পারেন।

শর্তসাপেক্ষে রাম নবমীতে মিছিলের অনুমতি কোর্টের

নিজস্ব সংবাদদাতা, হাওড়া, ৪ এপ্রিল— রাম নবমীতে হাওড়ায় জোড়া মিছিল করা যাবে তবে শর্ত বেঁধে দিয়েছেন কলকাতা হাইকোর্ট। শর্তসাপেক্ষে মিছিলের অনুমতি দিয়েছেন বিচারপতি তীর্থঙ্কর ঘোষ। রামনবমীতে মিছিল করতে চেয়ে পুলিশের কাছে আবেদন জানিয়েছিল অঞ্জনী পুত্র সেনা এবং বিশ্ব হিন্দু পরিষদ নামে দু'টি সংগঠন। তবে পুলিশ তাদের অনুমতি দেয়নি। তারপর কলকাতা হাইকোর্টে মামলা দায়ের করে ওই দুই সংগঠন। শুক্রবার আদালতের তরফ থেকে জানতে চাওয়া হয় কেন অনুমতি দেওয়া হয়নি এক্ষেত্রে, রাজ্যের বক্তব্য ছিল অতীতে রামনবমীকে কেন্দ্র করে হাওড়ার ওই এলাকায় অশান্তির নজির রয়েছে। সেই অভিজ্ঞতা থেকে সাবধানতা অবলম্বন করেই অনুমতি দেয়নি পুলিশ। তারা সতর্কমূলক পদক্ষেপ করেছে। বিচারপতি ঘোষ সব শুনে বলেন, 'দুর্গাপুজোয় কোথাও গণ্ডগোল হলে কি পুজো বন্ধ করে দেওয়া হয়? কোনও এলাকা নিয়ে পুলিশের আইন-শৃঙ্খলাজনিত সমস্যা থাকলে তা রাজ্যের পক্ষে ভাল দেখায় না। ওই জায়গায় কি প্রতিদিন গন্ডগোল হয়?' তারপর শর্তসাপেক্ষ অনুমতি দেয় কলকাতা হাইকোর্ট। হাইকোর্টের পক্ষ থেকে বলা হয় মিছিলে কোনো প্রকার ধাতুর তৈরী অস্ত্র প্রদর্শন করা যাবেনা। দুই সংগঠনের সর্বমোট এক হাজার মানুষ মিছিলে অংশ নিতে পারবেন। অংশগ্রহণকারী প্রত্যেককে নিজের নাম পরিচয় পুলিশকে জানাতে হবে, বহন করতে হবে নাম-পরিচয় লেখা কার্ড। একসঙ্গে মিছিল করতে পারবেনা দুই সংগঠন রামনবমীর দিন সকাল সাড়ে ৮টা থেকে দুপুর ১টা পর্যন্ত মিছিল করবে অঞ্জনী পুত্র সেনা। বিকেল ৩টে থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত কর্মসূচি পালন করতে পারবে বিশ্ব হিন্দু পরিষদ।

ওষুধের মূল্যবৃদ্ধি বিক্ষোভ তৃণমূলের

নিজস্ব সংবাদদাতা, বর্ধমান, ৪ এপ্রিল— দুর্গাপুরের শংকরপুর এলাকায় পাণ্ডবেশ্বরের বিধায়ক তথা জেলা সভাপতি নরেন্দ্রনাথ চক্রবর্তীর নেতৃত্বে বিক্ষোভ মিছিল হলো। দেশজুড়ে ৭৪৮টি নিত্য প্রয়োজনীয় ঔষধের দ্রব্যমূল্য বৃদ্ধির প্রতিবাদে দুই দিনের প্রতিবাদ কর্মসূচি নেওয়া হয়েছে তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে। পশ্চিমবঙ্গের সব ব্লকে এই বিক্ষোভ মিছিল হচ্ছে।

প্রাথমিকে জটিলতা কাটল, ডিএলএড পাঠরতদেরও সুযোগ

কলকাতা হাইকোর্টের রায় খারিজ সুপ্রিম কোর্টে

নিজস্ব প্রতিনিধি— প্রায় ২৬ হাজার চাকরি বিতর্কের মধ্যেই প্রাথমিকের ডিএলএড মামলায় কলকাতা হাইকোর্টের ডিভিশন বেঞ্চের রায় খারিজ করে দিয়েছে সুপ্রিম কোর্ট। সুপ্রিম কোর্টের বিচারপতি নরসিংহ ও বিচারপতি জয়মাল্য বাগচীর ডিভিশন বেঞ্চ জানিয়েছে, ২০২২ সালে প্রাথমিক নিয়োগে অংশ নিতে পারবেন ডিএলএড কোর্সে প্রশিক্ষণরত প্রথম বর্ষের উত্তীর্ণরাও। ফলে প্রাথমিকে নিয়োগের জট কাটল।

বৃহস্পতিবার সুপ্রিম কোর্টের রায়ে রাজ্যের ২৫ হাজার ৭৫২ জন শিক্ষক-শিক্ষাকর্মী চাকরি হারিয়েছেন। এরপর শুক্রবার এ রাজ্যের প্রাথমিক নিয়োগ নিয়ে রায় দিয়েছে সুপ্রিম কোর্ট। ২০২২ সালের নিয়োগে কাদের অংশগ্রহণ বৈধ, সেই নিয়ে একটি মামলা হয় কলকাতা হাইকোর্টে। পরে সেই মামলা সুপ্রিম কোর্টে যায়। শুক্রবার সেই মামলার রায় ঘোষণা করেছে সুপ্রিম কোর্টের বিচারপতি নরসিংহ ও বিচারপতি জয়মাল্য বাগচীর ডিভিশন বেঞ্চ।

প্রসঙ্গত, ২০২২ সালের ২৯ সেপ্টেম্বর প্রাথমিকের নিয়োগ প্রক্রিয়ায় ১১ হাজার ৭৫৮ পদে শিক্ষক নিয়োগের বিজ্ঞপ্তি দিয়েছিল প্রাথমিক শিক্ষা পর্ষদ।নিয়োগ প্রক্রিয়ায় অংশ গ্রহণের আবেদন জানিয়ে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয় ২০২০-২০২২ শিক্ষাবর্ষে ডিএলএড প্রশিক্ষণপ্রাপ্তরা। সেই সময় কলকাতা হাইকোর্টের সিঙ্গল বেঞ্চ জানায়, মামলাকারীরা নিয়োগ প্রক্রিয়ায় অংশ নিতে পারবেন। এরপরেই জটিলতা বাড়ে। নির্ধারিত প্রশিক্ষণ শেষ না করে কীভাবে প্রার্থীদের পরীক্ষায় বসার অনুমতি দেওয়া হচ্ছে সেই প্রশ্ন তুলে আদালতের দ্বারস্থ হন ২০২০ সালের আগের প্রশিক্ষিতরা।

আদালত সূত্রের খবর, ২০২২ সালে ১১ হাজার ৭৫৮ টি শূন্যপদে শিক্ষক নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছিল প্রাথমিক শিক্ষা পর্ষদ। পর্ষদের প্রকাশিত বিজ্ঞপ্তিতে বলা হয়েছিল, টেট উত্তীর্ণ এবং প্রশিক্ষণপ্রাপ্ত ডিএলএডদের পাশাপাশি ডিএলএড কোর্সের প্রথম বর্ষে উত্তীর্ণরাও আবেদন করতে পারবেন। পর্ষদের এই সিদ্ধান্তের বিরুদ্ধেই কলকাতা হাইকোর্টে দায়ের হয়েছিল মামলা। সেই মামলায় আবেদনকারীদের আবেদন খারিজ করে দিয়েছিলেন হাইকোর্টের তৎকালীন বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের সিঙ্গল বেঞ্চ। রায়কে চ্যালেঞ্জ করে মামলাকারীরা ডিভিশন বেঞ্চে গেলে, ওই বেঞ্চ সিঙ্গল বেঞ্চের রায় খারিজ করে দেয়।

তৎকালীন বিচারপতি সুব্রত তালুকদার এবং সুপ্রতিম ভট্টাচার্যের ডিভিশন বেঞ্চ সিঙ্গল বেঞ্চের রায় খারিজ করে দেয়। এরপরই মামলাটি যায় সুপ্রিম কোর্টে। এদিন সেই মামলাতেই বিচারপতি পিএস নরসিংহ-র বেঞ্চ জানিয়েছে, ২০২২ সালের প্রাথমিক শিক্ষক নিয়োগের সময় যাঁরা ডিএলএড পাশ করেননি, অর্থাত যাঁরা ডিএলএড প্রশিক্ষণরত বা পাঠরত ছিলেন, তাঁরাও চাকরির সুযোগ পাবেন।

ইতিমধ্যে প্রায় ৯৬০ জন মামলাকারী নিয়োগের পরীক্ষায় অংশ নিয়েছিলেন। কিন্তু তাঁরা আদৌ নিয়োগের যোগ্য কি না, তা রায়ের উপর নির্ভর করছিল। শুক্রবার শীর্ষ আদালত জানিয়ে দিয়েছে, তাঁদের নিয়োগ করা যাবে। সুপ্রিম কোর্টের রায় ঘোষণার পর এবার প্রাথমিকে শিক্ষক নিয়োগের পথে রাজ্য সরকার।

ঢোলাহাট বিস্ফোরণ কাণ্ডে গ্রেপ্তার চন্দ্রকান্তের ভাই তুষার

নিজস্ব প্রতিনিধি— পাথরপ্রতিমার ঢোলাহাট বিস্ফোরণ কাণ্ডে মূল অভিযুক্ত বাজি কারখানার মালিক চন্দ্রকান্ত বণিককে আগেই গ্রেপ্তার করেছিল পুলিশ। এবার এই ঘটনায় আরেক অভিযুক্ত তুষার বণিককে পাকড়াও করল পুলিশ। এক আত্মীয়ের বাড়ি থেকে তাঁকে গ্রেপ্তার করা হয়। শুক্রবার তাঁকে তোলা হয় কাকদ্বীপ আদালতে। এদিকে জেল হেফাজতে থাকা চন্দ্রকান্ত ট্রমায় ভুগছেন বলে দাবি করেছেন অনেকে। তাঁর চোখের কোণে শুকিয়ে যাওয়া জল আর মুখে লাগাতার অদ্ভুত গোঁ গোঁ শব্দ।

গত সোমবার পাথরপ্রতিমার ঢোলাহাটে বাজি কারখানায় বিস্ফোরণে মোট ৮ জনের মৃত্যু হয়। মৃতদের মধ্যে চারটি শিশু রয়েছে। অভিযোগ, বেআইনি ভাবে বাড়িতে মজুত করা হয়েছিল বিপুল পরিমাণ বাজি। সেই মজুত থাকা বাজি ও বাজির মশলাতেই বিস্ফোরণ ঘটে। এই ঘটনায় আগেই গ্রেপ্তার করা হয় চন্দ্রকান্ত বণিককে। এবার জালে তাঁর ভাই তুষার বণিক। তুষারের বিরুদ্ধেও জামিন অযোগ্য ধারায় মামলা রুজু করেছে পুলিশ।

বিস্ফোরণের পর চন্দ্রকান্তের বাজির লাইসেন্স নিয়ে প্রশ্ন ওঠে। দক্ষিণ ২৪ পরগনার জেলাশাসক সুমিত গুপ্তা জানান, ২০২৩ সালে চন্দ্রকান্তের ব্যবসার লাইসেন্স পুনর্নবীকরণ করা হয়নি। তার পরেও কীভাবে ওই কারবার চলছিল, দেখা হবে। চন্দ্রকান্তের বিরুদ্ধে অনিচ্ছাকৃত খুনের চেষ্টা-সহ একাধিক জামিন অযোগ্য ধারায় মামলা রুজু করেছে পুলিশ। কাকদ্বীপ আদালতের বিচারক তাঁকে চার দিন পুলিশে হেফাজতে রাখার নির্দেশ দিয়েছেন।

সচেতনতার অভাব থেকেই পাথর-প্রতিমার ঢোলাহাটের ঘটনা ঘটেছে বলে মনে করছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তিনি বলেন, 'এই ঘটনা থেকে শিক্ষা নেওয়া উচিত। গ্যাসটাকে তো সামলে রাখবেন।'

সোদপুরে জাল ওষুধ, অসুস্থ শিশু

নিজস্ব প্রতিনিধি— ফের জাল ওষুধ বিক্রির অভিযোগ উঠেছে সোদপুরের এক ওষুধের দোকানের বিরুদ্ধে। ওই দোকান থেকে কেনা জাল ওষুধ খেয়ে অসুস্থ হয়ে পড়ে এক শিশু। ওই শিশুর পরিবার ও এলাকার লোকেরা দোকানের সামনে বিক্ষোভ শুরু করেছিল। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় বিশাল পুলিশবাহিনী। দোকানটি সিল করে দোকানের মালিককে গ্রেপ্তার করা হয়েছে।

জানা গিয়েছে, বৃহস্পতিবার রাতে এক মহিলা তাঁর সন্তানের জন্য সোদপুরের একটি দোকান থেকে ওষুধ কিনেছিল। দোকানটির অবস্থান সোদপুরের নীলগঞ্জ রোডের উপর। ওই মহিলার অভিযোগ, বাড়ি গিয়ে ওষুধ খাওয়ানোর পর আরও অসুস্থ হয়ে পড়ে তাঁর সন্তান। এরপরই তিনি দোকানের গিয়ে জাল ওষুধ বিক্রি করা নিয়ে প্রতিবাদ করেন। কিন্তু দোকানের মালিক বিষয়টি মানতে চাননি। জানাজানি হতেই এলাকার লোকেরাও দোকানের সামনে মহিলার সঙ্গে প্রতিবাদে সামিল হন। হুলুস্থুল কান্ড শুরু হয় এলাকায়। বিক্ষোভের খবর পেয়ে ঘটনাস্থলে আসে খড়দহ থানার পুলিশবাহিনী। তাঁদের হস্তক্ষেপেই পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে। পুলিশ ইতিমধ্যেই দোকানটিকে সিল করে দিয়েছে। আক্রান্ত শিশুর পরিবার এবং স্থানীয়দের অভিযোগের উপর ভিত্তি করে দোকানের মালিককেও গ্রেপ্তার করা হয়।

প্রসঙ্গত উল্লেখ্য, সম্প্রতি বাজারে ছেয়ে গেছে লক্ষাধিক টাকার জাল ওষুধ। রাজ্য ড্রাগ কন্ট্রোল বোর্ড ইতিমধ্যেই বেশ কিছু জাল ওষুধ বাজেয়াপ্ত করেছে যার বাজার মূল্য প্রায় কুড়ি লক্ষ টাকা। জানা গিয়েছে, এই জাল ওষুধগুলি মূলত বাইরে থেকে এই রাজ্যে আসছে। ভিনরাজ্যের তালিকায় রয়েছে বিহার,উত্তরপ্রদেশ, ওড়িশাসহ আরও বেশ কয়েকটি রাজ্য। দ্বিগুন লাভের লোভে দোকানদাররা এই ওষুধ কিনছেন। তবে সজাগ রয়েছেন রাজ্যের পুলিশ। খবর পেলেই সিল করে দেওয়া হচ্ছে জাল ওষুধের কারবার।

লেক কালীবাড়িতে অন্নপূর্ণার আরাধনা।

শিক্ষাবন্ধু মামলায় রাজ্যের আবেদন খারিজ হাইকোর্টে

নিজস্ব প্রতিনিধি— খারিজ হয়ে গেল রাজ্যের আর্জি। শিক্ষাবন্ধুরাও ৬০ বছর বয়স পর্যন্ত চাকরি করতে পারবেন। সমস্ত বকেয়া মিটিয়ে দিয়ে শিক্ষাবন্ধুদের কাজে ফেরানোর নির্দেশ দিল উচ্চ আদালত। রাজ্যের আবেদন খারিজ করে শুক্রবার বিচারপতি রাজশেখর মান্থা এবং বিচারপতি অজয় কুমার গুপ্তের ডিভিশন বেঞ্চ জানায়, সাধারণ শিক্ষক শিক্ষিকাদের মতোই শিক্ষাবন্ধুদেরও ৬০ বছর পর্যন্ত কাজ করার অধিকার রয়েছে। সুতরাং এই মামলায় সিঙ্গল বেঞ্চের রায়ই বহাল রাখল হাইকোর্ট। আর তাতেই খুশির হাওয়া শিক্ষাবন্ধুদের মধ্যে।

প্রসঙ্গত, বাম আমলে ২০০৪ সালে সর্বশিক্ষা মিশনের আওতায় শিক্ষাবন্ধু নিয়োগ করেছিল রাজ্য সরকার। তাঁদের কাজ ছিল মূলত স্কুলছুট ও পিছিয়ে পড়া ছাত্রছাত্রীদের স্কুলে ফেরানো। তৃণমূলের আমলে ২০১৩ সালে শিক্ষাবন্ধুদের পদ পরিবর্তন করে রাজ্য সরকার। তাঁদের স্বেচ্ছাসেবক ঘোষণা করা হয়। ২০১৪ সালে তাঁদের ভাতা বন্ধ করে দেওয়া হয়। এমনকি, ৬০ বছরের আগেই চাকরি থেকে অবসরের কথা বলা হয়। এরপরই রাজ্যের সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করে হাইকোর্টে মামলা করেন শিক্ষাবন্ধুদের একাংশ। ২০২৩ সালে সিঙ্গল বেঞ্চ রাজ্যের ওই সিদ্ধান্ত খারিজ করে দেয়। সিঙ্গল বেঞ্চের রায়কে চ্যালেঞ্জ করে ডিভিশন বেঞ্চে যায় রাজ্য সরকার। শুক্রবার হাইকোর্টের ডিভিশন বেঞ্চও রাজ্য সরকারের আবেদন খারিজ করে দিয়েছে।

হকার সমস্যা নিয়ে পুলিশের ভূমিকায় প্রশ্ন ফিরহাদের

নিজস্ব প্রতিনিধি— কলকাতার হকার সমস্যা নিয়ে ফের মুখ খুললেন মেয়র ফিরহাদ হাকিম। শুক্রবার এক নাগরিকের অভিযোগের ভিত্তিতে হকারদের অবস্থান এবং টাউন ভেন্ডিং কমিটির কার্যকারিতা নিয়ে খোলাখুলি মন্তব্য করেন তিনি।

মেয়র বলেন, 'টাউন ভেন্ডিং কমিটি শুধুমাত্র সরকারের সঙ্গে চুক্তি করে। কিন্তু হকারদের মধ্যে সেই কমিটির বিশেষ কোনও মান্যতা নেই। এটা অত্যন্ত দুঃখজনক।' তিনি আরও জানান, হকার ইউনিয়নের নেতাদের কথাও এখন অনেক হকার শুনছেন না। প্রয়োজনে অন্য ইউনিয়নে চলে যাচ্ছেন তাঁরা। যাঁরা দায়িত্ব নিয়ে কাজ করছেন, তাঁদের সঙ্গে না থেকে, বরং যাঁরা সমস্যা তৈরি করছেন, হকারদের একাংশ তাঁদের দিকেই ঝুঁকছেন।

নিউমার্কেট এলাকার হকারদের প্রসঙ্গে মেয়র বলেন, 'সেখানে এমন পরিস্থিতি হয়েছিল যে মানুষ মার্কেটের ভেতরে ঢুকতেই পারছিলেন না। পুলিশ সরিয়ে দিয়েছিল হকারদের। কিন্তু কিছুদিন পর আবারও তারা বসে গেছে। এমন কোনও নেতা নেই যার কথা সব হকার শুনবেন।'

তিনি জানান, টাউন ভেন্ডিং কমিটির অনেক সদস্যের মধ্যেই সিদ্ধান্ত নেওয়ার বা নেতৃত্ব দেওয়ার ক্ষমতা নেই। এ বিষয়ে পুলিশের নজরদারির প্রয়োজন। যদিও মেয়রের স্বীকারোক্তি, 'আমার হাতে নির্দিষ্ট তথ্য নেই, তবে অনেক সময়েই শোনা যায় যে পুলিশের সঙ্গে কিছু হকারদের সমঝোতা হয়।'

এদিন ৯১ নম্বর ওয়ার্ডের বাসিন্দা সুবীর দাস মেয়রের কাছে একটি অভিযোগ জানান। তাঁর দাবি, তাঁর সম্পত্তিতে হকার বসছে। পুলিশকে জানালেও কোনও লাভ হয়নি। এই প্রসঙ্গে মেয়র বলেন, 'নতুন করে কেউ বসলে সরানো সম্ভব। কিন্তু কেউ যদি দীর্ঘদিন ধরে বসে থাকে, তাহলে তাকে সরানো মানে তাঁর রুজিরুটির ওপর আঘাত। পুলিশ বেআইনিভাবে কাউকে বসতে দেবে না, এটাই নিয়ম। কিন্তু আমাদের হাতে পুলিশ নেই, তাদের কাজই হল বেআইনি হকারদের সরানো। পুরসভার এক্তিয়ারে এটা পড়ে না।'

তিনি আরও বলেন, পুরসভা কাউকে লাইসেন্স দিলে, তা বৈধ। কিন্তু লাইসেন্স ছাড়া কেউ বসে থাকলে, তা উঠিয়ে দেওয়ার দায়িত্ব পুলিশের।

চাকরিচ্যুত হতেই আত্মহত্যার চেষ্টা শিক্ষিকার

নিজস্ব সংবাদদাতা, ক্যানিং, ৪ এপ্রিল— সুপ্রিম কোর্টের নির্দেশে চাকরি যেতেই আত্মহত্যার চেষ্টা ক্যানিংয়ের রায়বাঘিনী হাইস্কুলের শিক্ষিকা রুম্পা সিংয়ের। বর্তমানে আশাঙ্কাজনক অবস্থায় ক্যানিং মহকুমা হাসপাতালের সিসিইউতে চিকিৎসাধীন তিনি। আত্মহত্যার চেষ্টা করার আগে তিনি একটি পত্র লেখেন, সেই পত্রে বেশ কয়েকজনের নাম রয়েছে, তারা সকলেই পাওনাদার বলে দাবি পরিবারের। বৃহস্পতিবার সুপ্রিম কোর্টের নির্দেশের পরই চাকরি হারিয়েছেন প্রায় ২৬,০০০ শিক্ষক ও শিক্ষাকর্মী। অভিযোগ সেই খবর সামনে আসতেই শিক্ষিকার বাড়িতে চড়াও হন পাওনাদাররা। শিক্ষিকা তাদের কাছে সময় চাইলে তাতে রাজি হননা পাওনাদাররা। পরিবার সূত্রে দাবি তাদের অভাব্য আচরণের পরেই আত্মহত্যার চেষ্টা করলেন শিক্ষিকা। পরিবার সূত্রে জানা গিয়েছে, বেশি করে ঘুমের ওষুধ খেয়ে নিজের জীবন শেষ করতে চেয়েছিলেন শিক্ষিকা। ২০১৬ সালের এসএসসিতে চাকরি পেয়েছেন তিনি। তবে পুরো প্যানেল বাতিল হতেই তাঁর সব স্বপ্ন ভেঙে চুরমার হয়ে যায়। অপমান এবং চাকরি হারানোর চাপ সহ্য করতে না পেরে বৃহস্পতিবার রাতে আত্মহত্যার চেষ্টা করেন তিনি। এই ঘটনায় তদন্ত শুরু করেছে ক্যানিং থানার পুলিশ।

ওয়াকফ বিলের প্রতিবাদে পার্ক সার্কাসে বিক্ষোভ

নিজস্ব প্রতিনিধি— লোকসভার পরে রাজ্যসভায় পাশ হয় ওয়াকফ সংশোধনী বিল। সেই বিলের বিরোধিতা করেই রাজ্যের একাধিক সংখ্যালঘু সংগঠনের তরফে পার্ক সার্কাসের সেভেন পয়েন্ট এলাকায় আয়োজন করা হয়েছিল একটি সভার। সেখানে কেন্দ্রের ওয়াকফ (সংশোধনী বিল) বিরোধী আলোচনার পর শুরু হয় মিছিল। প্রায় সকলের হাতেই পোস্টার। চলছে স্লোগান। ভরদুপুরে পার্ক সার্কাসের ছবিটা ছিল অন্যরকম। দেশজুড়েই ওয়াকফ বিল নিয়ে উত্তাপ চড়েছে সংখ্যালঘুদের মধ্যে, তার আঁচ পড়লো বাংলার মাটিতেও। বিল প্রত্যাহারের দাবিতে পার্কসার্কাস সেভেন পয়েন্টস কার্যত অবরুদ্ধ করেন বিক্ষোভকারীরা। পরিস্থিতি সামলাতে নামানো হয়েছিল পুলিশ ও র‍্যাফ।

কেন্দ্রের ওয়াকফ বিল সংশোধনের প্রতিবাদে শহরের রাস্তায় প্রতিবাদ।

চাকরি খুইয়ে দিশেহারা ব্লাড ক্যান্সার আক্রান্ত সোমনাথ

নিজস্ব সংবাদদাতা, নদিয়া, ৪ এপ্রিল— ২০০২ সাল। দক্ষিণ কোরিয়ায় উড়িয়েছিলেন জাতীয় পতাকা। হাই জাম্পে পেয়েছিলেন সোনার পদক। উজ্জ্বল করেছিলেন দেশের নাম। ভেবেছিলেন, স্পোর্টস কোটায় মিলবে ভালো মাইনের চাকরি। শরীরে ক্যান্সার বাসা বাঁধতেই চুরমার হল স্বপ্ন। অগত্যা পড়াশুনা করে ২০১৬ সালে এসএসসি পরীক্ষা দিয়ে মেলে স্কুলের চাকরি। ২০২৫ সালে ৩ এপ্রিল সুপ্রিম কোর্টের রায়ে বাতিল হল ২০১৬ সালের এসএসসি পরীক্ষার নিয়োগ প্রক্রিয়া। চাকরি খোয়ালেন স্বর্ণপদক জয়ী খেলোয়াড়, ক্যান্সার আক্রান্ত নদিয়ার সোমনাথ মালো। ফের স্বপ্ন ভেঙে খানখান। পরিবার নিয়ে দিশেহারা অবস্থা সোমনাথের।

নদিয়ার তাহেরপুর পৌরসভার ডি ব্লকের বাসিন্দা সোমনাথ মালো। শরীরে বাসা বেঁধেছ মারণ রোগ। প্রতিবন্ধী। স্ত্রী এবং এক মেয়ে নিয়ে সংসার সোমনাথের। নদিয়ার বীরনগর হাইস্কুলের গ্রুপ সি কর্মী হিসেবে কর্মরত ছিলেন তিনি। বৃহস্পতিবার চাকরি বাতিলের পর ঘরে নেমে এল অন্ধকার। নিজের চিকিৎসা, সংসার খরচ, ওষুধ কিনবেন কী করে? এই চিন্তাই কুরেকুরে খাচ্ছে সোমনাথকে।

সোমনাথ বলেন, পড়াশুনা করে পরীক্ষা দিয়ে চাকরি পেয়েছি। সকালে স্কুলে যাওয়ার আগে বাড়িতে বসে টিভির পর্দায় খবর দেখছিলাম। সেখান থেকেই জানতে পারি আমাদের চাকরির নিয়োগ প্রক্রিয়া বাতিল হয়েছে। আর স্কুলে যাইনি।

তিনি আরো বলেন, ২০০২ সালে দক্ষিণ কোরিয়ায় দেশের জন্য সোনার পদক এনেছিলাম। বিদেশের মাটিতে জাতীয় পতাকা উড়িয়েছিলাম। গেয়েছিলাম জাতীয় সঙ্গীত। এদিন আমাকে চোর অপবাদ নিয়ে চাকরি ছাড়তে হল।

সোমনাথ আরো বলেন, আমি ব্লাড ক্যান্সারে আক্রান্ত। প্রতি মাসে ৯ হাজার টাকা ওষুধ লাগে। এবার কী হবে? কোথা থেকে পাবো টাকা? সংসার চলবে কি করে? প্রশ্ন সোমনাথের।

তিনি বলেন, স্পোর্টস কোটায় চাকরি পাবো ভেবেছিলাম। ভুল চিকিৎসায় প্রতিবন্ধী হয়েছি। তাই পড়াশুনা করে এসএসসি পরীক্ষা দিয়ে গ্রুপ সি'র চাকরি মেলে। সেটাও চলে গেল।

প্রায় ২৬ হাজার চাকরি বাতিল হলেও চাকরি বাতিল হয়নি ক্যান্সার আক্রান্ত সোমা দাসের। সোমনাথ বলেন, আমিও ক্যান্সার আক্রান্ত। রাজ্য সরকার, মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ও সুপ্রিম কোর্টের কাছে আমার আবেদন সোমা দাসের মত আমার চাকরিও ফিরিয়ে দেওয়া হোক।

ফের পরীক্ষায় বসলে চাকরি মিলবে কিনা জানা নেই। তবে চাকরি বাতিলের পর অন্ধকারময় যাত্রা শুরু হল স্বর্ণপদক জয়ী সোমনাথের।

AS PH
APEEJAY SURRENDRA PARK HOTELS

এপিজে সুরেন্দ্র পার্ক হোটেলস লিমিটেড

রেজিস্টার্ড অফিস ঃ ১৭, পার্ক স্ট্রিট, কলকাতা, পশ্চিমবঙ্গ-৭০০০১৬, ভারত
ফোন ঃ ০৩৩ ২২৪৯ ৯০০০, ফ্যাক্স ঃ ০৩৩ ২২৪৯ ৪০০০; **ইমেল আইডি ঃ** investorrelations@asphl.in, ওয়েবসাইট ঃ www.theparkhotels.com

রিমোট ই-ভোটিং আকারে পোস্টাল ব্যালটের বিজ্ঞপ্তি

কোম্পানি আইন, ২০১৩, এর ধারা ১১০ তৎসহ পঠিত ধারা ১০৮-এ প্রদত্ত সংস্থানসমূহ এবং অন্য সকল প্রযোজ্য সংস্থান, যদি থাকে, এবং তদন্তর্গত রুলস, কর্পোরেট বিষয়ক মন্ত্রক দ্বারা জারি করা প্রযোজ্য নির্দেশিকা/সার্কুলারসমূহ (**'এমসিএ সার্কুলারসমূহ'**), সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিক্যোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫ এবং অন্য কোনও প্রযোজ্য আইনসমূহ, রুলস ও রেগুলেশনস, অনুসারে এতদ্বারা বিজ্ঞপ্তি মারফত জানানো হচ্ছে যে, এপিজে সুরেন্দ্র পার্ক হোটেলস লিমিটেড (দ্য **'কোম্পানি'**) ফেব্রুয়ারি ০৮, ২০২৫ তারিখের পোস্টাল ব্যালটের বিজ্ঞপ্তিতে (**'বিজ্ঞপ্তি'**) উল্লিখিতমতো **"বিশেষ ব্যবসায়িক কার্যাবলী"** সম্পাদনের জন্য কেবলমাত্র রিমোট ই-ভোটিং আকারে পোস্টাল ব্যালটের (**'পোস্টাল ব্যালট'** অথবা **'রিমোট ই-ভোটিং'**) মাধ্যমে তার সদস্যদের অনুমোদন প্রার্থনা করছেন। কোম্পানির ওয়েবসাইট (www.theparkhotels.com)-তে, এমইউএফজি ইনটাইম ইন্ডিয়া প্রাইভেট লিমিটেড (পূর্বে লিঙ্ক ইনটাইম ইন্ডিয়া প্রাইভেট লিমিটেড নামে পরিচিত)-এর ওয়েবসাইট (https://instavote.linkintime.co.in)-তে এবং ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া লিমিটেড-এর ওয়েবসাইট (www.nseindia.com)-তে এবং বিএসই লিমিটেড-এর ওয়েবসাইট (www.bseindia.com)-তে বিজ্ঞপ্তি পাওয়া যাবে।

সদস্যদের এতদ্বারা অবগত করানো হচ্ছে যে ঃ

ক) এমসিএ সার্কুলারসমূহ অনুসারে, কোম্পানি কেবলমাত্র ইলেক্ট্রনিক মোডে **শুক্রবার, এপ্রিল ০৪, ২০২৫** তারিখে, সেই সকল সদস্যদের কাছে, যাঁদের ই-মেল অ্যাড্রেস ডিপোজিটরি পার্টিসিপ্যান্টস ('ডিপি')/কোম্পানির রেজিস্ট্রার ও শেয়ার ট্রান্সফার এজেন্ট-এর কাছে রেজিস্টার্ড আছে এবং যাঁদের নাম কাট-অফ ডেট, অর্থাৎ **শুক্রবার, মার্চ ২৮, ২০২৫ ('কাট-অফ ডেট')** তারিখে ডিপোজিটরিগণের কাছে রক্ষিত বেনিফিসিয়াল ওনারদের রেজিস্টারে বা সদস্যদের রেজিস্টারে নথিভুক্ত আছে, বিজ্ঞপ্তি (ড্রাফ্ট রেজলিউশন তৎসমেত এক্সপ্ল্যানেটরি স্টেটমেন্ট, ই-ভোটিংয়ের বিবরণ এবং রিমোট ই-ভোটিংয়ের বিশদ প্রক্রিয়া/নির্দেশাবলী ইত্যাদি) পাঠানোর কাজ সম্পন্ন করেছেন।

খ) বিজ্ঞপ্তিতে উল্লিখিতমতো রেজলিউশনে ইলেক্ট্রনিক্যালি তাঁদের ভোট প্রদান করতে, এমইউএফজি ইনটাইম ইন্ডিয়া প্রাইভেট লিমিটেড (পূর্বে লিঙ্ক ইনটাইম ইন্ডিয়া প্রাইভেট লিমিটেড নামে পরিচিত)-এর মাধ্যমে সদস্যদের জন্য কোম্পানি সানন্দে রিমোট ই-ভোটিংয়ের সুবিধার ব্যবস্থা করছেন। অনুগ্রহ করে লক্ষ্য করবেন যে এমসিএ সার্কুলার অনুসারে, এই বিজ্ঞপ্তিতে উল্লিখিত রেজলিউশনে সদস্যদের পক্ষে/বিপক্ষে মতামত কেবলমাত্র রিমোট ই-ভোটিং মারফত বিবেচনা করা হবে। সেইমতো, এমসিএ সার্কুলার অনুযায়ী, বিজ্ঞপ্তি, পোস্টাল ব্যালট ফর্ম এবং প্রিপেইড বিজনেস রিপ্লাই এনভেলপ-এর ফিজিক্যাল কপি, পোস্টাল ব্যালটের জন্য সদস্যদের কাছে পাঠানো হয়নি।

গ) কাট-অফ ডেটে কোম্পানির পেইড-আপ ইক্যুইটি শেয়ার মূলধনে তাঁদের শেয়ারের অনুপাতে সদস্যদের ভোটাধিকার নির্ধারিত হবে। কাট-অফ ডেটে, একজন ব্যক্তি যিনি সদস্য নন, তিনি এই বিজ্ঞপ্তি কেবলমাত্র অবগতির জন্য বিবেচনা করবেন।

ঘ) রিমোট ই-ভোটিং শুরু হবে **শনিবার, এপ্রিল ০৫, ২০২৫ তারিখে সকাল ০৯.০০টায় (প্রঃভাঃসঃ)** এবং শেষ হবে **রবিবার, মে ০৪, ২০২৫ তারিখে বিকাল ০৫.০০টায় (প্রঃভাঃসঃ)।** উপরোক্ত তারিখের ও সময়ের পরে রিমোট ই-ভোটিং অনুমোদন করা হবে না এবং উপরিল্লিখিত সময়সীমা পেরিয়ে যাবার পর এমইউএফজি ইনটাইম ইন্ডিয়া প্রাইভেট লিমিটেড দ্বারা ই-ভোটিং মডিউল নিষ্ক্রিয় করে দেওয়া হবে।

ঙ) ই-ভোটিং সম্পর্কিত কোনও অনুসন্ধান এবং/বা অভিযোগের ক্ষেত্রে, সদস্যরা https://instavote.linkintime.co.in/-এর হেল্প সেকশনের অধীনে প্রাপ্তব্য প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নসমূহ (এফএকিউ) এবং ইনস্টাভোট ই-ভোটিং ম্যানুয়াল দেখতে পারেন; অথবা যোগাযোগ করতে পারেন ঃ মি. রাজীব রঞ্জন, অ্যাসিস্ট্যান্ট ভাইস প্রেসিডেন্ট, এমইউএফজি ইনটাইম ইন্ডিয়া প্রাইভেট লিমিটেড, সি-১০১, ২৪৭ পার্ক, এলবিএস মার্গ, ভিখরোলি ওয়েস্ট, মুম্বাই-৪০০০৮৩, enotices@in.mpms.mufg.com-তে বা +৯১ ০২২-৪৯১৮৬০০০ নম্বরে যোগাযোগ করতে পারেন বা পুনরায় কোনও স্পষ্টীকরণের জন্য investorrelations@asphl.in-তে কোম্পানি সেক্রেটারিকে লিখিতভাবে জানাতে পারেন।

চ) যে সকল সদস্য এখনও তাঁদের ইমেল অ্যাড্রেস রেজিস্টার করেননি, এবং যার ফলে বিজ্ঞপ্তি পাননি, তাঁদের নিম্নলিখিত নির্দেশিকা অনুসরণ করে ইমেল অ্যাড্রেস এবং মোবাইল নম্বর রেজিস্টার করতে অনুরোধ জানানো হচ্ছে ঃ

(১) ফিজিক্যাল মোডে শেয়ার ধারণ করছেন এরূপ সদস্যদের এতদ্বারা বিজ্ঞপ্তি মারফত জানানো হচ্ছে যে প্রযোজ্য সেবি সার্কুলার(সমূহ) অনুসারে, ফিজিক্যাল শেয়ার ধারণ করছেন এরূপ সকল সদস্য এমইউএফজি ইনটাইম ইন্ডিয়া প্রাইভেট লিমিটেড-এর কাছে সমর্থিত নথিপত্র (সেখানে উল্লিখিত) সমেত ফর্ম আইএসআর-১ জমা করে ইমেল অ্যাড্রেসের বিবরণ সহ তাঁদের যোগাযোগের বিবরণ আপডেট/রেজিস্টার করতে পারেন।
ফর্ম আইএসআর-১ এবং একটি প্রিপেড সেল্ফ-অ্যাড্রেসড্ বিজনেস রিপ্লাই এনভেলপ সমেত ফিজিক্যাল কমিউনিকেশন সেই সকল সদস্যদের কাছে পাঠানো হয়েছে যাঁদের ইমেল অ্যাড্রেস রেকর্ডে নথিভুক্ত করা নেই। ফিজিক্যাল মোডে শেয়ার ধারণ করা সদস্যদের, উক্ত প্রিপেড সেল্ফ-অ্যাড্রেসড্ বিজনেস রিপ্লাই এনভেলপ-এ, সমর্থিত নথিপত্র সমেত যথাযথভাবে পূরণ করা এবং স্বাক্ষরিত ফর্ম আইএসআর-১, জমা করতে অনুরোধ জানানো হচ্ছে। এছাড়াও লক্ষ্য করতে পারেন যে বিজনেস রিপ্লাই এনভেলপ-এ পোস্টেজের খরচ কোম্পানি বহন করবেন।
পুনরায়, https://liiplweb.linkintime.co.in/KYC-downloads.html থেকে ফর্ম আইএসআর-১ ডাউনলোড করা যাবে এবং এ-সম্পর্কিত বিশদ এফএকিউ https://liiplweb.linkintime.co.in/faq.html-এ পাওয়া যাবে।

(২) ডিমেটিরিয়ালাইজড্ ফর্মে শেয়ার ধারণ করা সদস্যদের সংশ্লিষ্ট ডিপি-র কাছে তাঁদের ইমেল অ্যাড্রেস রেজিস্টার/আপডেট করতে অনুরোধ জানানো হচ্ছে।

ছ) বোর্ড অফ ডিরেক্টরস মি. হরিশ চাওলা (মেম্বারশিপ নং ৯০০২; সিপি নং ১৫৪৯২), অংশীদার, সিএল অ্যান্ড অ্যাসোসিয়েট্স, কোম্পানি সেক্রেটারি (**'সিএলএ'**)কে, স্বচ্ছ ও পরিচ্ছন্ন উপায়ে রিমোট ই-ভোটিং প্রক্রিয়া স্ক্রুটিনাইজ করতে স্ক্রুটিনাইজার হিসেবে নিয়োগ করেছেন, অন্যথায় তাঁর অনুপস্থিতিতে, মি. অভিষেক লাম্বা (মেম্বারশিপ নং ১০৪৮৯; সিপি নং ১৩৭৫৪), অংশীদার, সিএলএ,কে নিয়োগ করেছেন; এবং তাঁরা প্রস্তাবিত নিযুক্তির জন্য তাঁদের ইচ্ছা প্রকাশ করে যোগাযোগ করেছেন এবং এই উদ্দেশে তা পাওয়া যাবে।

জ) পোস্টাল ব্যালটের ফলাফল **মঙ্গলবার, মে ০৬, ২০২৫** তারিখে বা তার আগে ঘোষণা করা হবে। কোম্পানির ওয়েবসাইট (www.theparkhotels.com)-তে, এমইউএফজি ইনটাইম ইন্ডিয়া প্রাইভেট লিমিটেড (পূর্বে লিঙ্ক ইনটাইম ইন্ডিয়া প্রাইভেট লিমিটেড নামে পরিচিত)-এর ওয়েবসাইট (https://instavote.linkintime.co.in)-তে ভোটিংয়ের ফলাফল এবং স্ক্রুটিনাইজারের রিপোর্ট পাওয়া যাবে এবং কোম্পানির রেজিস্টার্ড অফিসে এবং কর্পোরেট অফিসেও প্রদর্শিত হবে। সেইসঙ্গে এই ফলাফল স্টক এক্সচেঞ্জ, যথা এনএসই এবং বিএসই-তেও পাওয়া যাবে।

এপিজে সুরেন্দ্র পার্ক হোটেল লিমিটেড-এর তরফে
স্বাঃ
শালিনী কেষান
কোম্পানি সেক্রেটারি

স্থান ঃ কলকাতা
তারিখ ঃ এপ্রিল ০৪, ২০২৫